



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।

১৫২৬৫

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ঠাকুরগাঁও-৫২/২০১৬

তারিখ : ২৬/০২/২০১৭খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ০৫.৫৫.৯৪৯৪.০০০.১২.০০২.১৭-৮৪; তারিখঃ ২৬/০১/২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/ঠাকুরগাঁও-৫২/১৬৭২/৩; তারিখঃ ২৭/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন পুরাতন ঠাকুরগাঁও দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করেন। অপরদিকে নবগঠিত ম্যানেজিং কমিটি বিধি বহির্ভূতভাবে গঠিত হওয়ায় বাতিল পূর্বক পুনরায় স্বচ্ছভাবে নতুন কমিটি গঠনের আদেশ চেয়ে জনৈক মোস্তফা কামাল ওরফে ইদু কর্তৃক একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করা হয়।

দাখিলকৃত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঠাকুরগাঁওকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঠাকুরগাঁও এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনে দেখা যায়, মাদরাসার সুপার নবাগত বা নির্বাচিত পরিচালনা কমিটির কাগজপত্রাদি স্বাক্ষর না করে সভাপতির স্বাক্ষর নিয়ে বোর্ডে দাখিল করেছেন যা সম্পূর্ণ অনিয়ম, শিষ্টাচার পরিপন্থি।

মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৩) যথাযথভাবে অনুসরণ করা হয়নি।

বর্ণিত অবস্থায় মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া গেল না। মাদরাসার দৈনন্দিন কার্যক্রম পরিচালনা ও পরবর্তী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২৩/২/১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, পুরাতন ঠাকুরগাঁও দাখিল মাদরাসা, সদর, ঠাকুরগাঁও।

নং- বামাশিবো/প্রশা/ঠাকুরগাঁও-৫২/

তারিখ : /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঠাকুরগাঁও।
২. জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঠাকুরগাঁও।
৪. জনাব মোস্তফা কামাল ওরফে ইদু, অভিভাবক, পুরাতন ঠাকুরগাঁও দাখিল মাদরাসা, সদর, ঠাকুরগাঁও।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪